

2023-10

14th Henry Dunant Memorial Moot Court Competition

Prothom Alo


<https://ar.iub.edu.bd/handle/11348/1102>

Downloaded from IUB Academic Repository

[🏠 > ক্যাম্পাস](#)

হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্টে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় রানার-আপ

প্রতিযোগিতার ফাইনালে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়।

 হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্টে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় রানার-আপ

নিজস্ব প্রতিবেদক বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 10 Oct 2023, 09:14 PM

Updated : 10 Oct 2023, 09:14 PM



চতুর্দশ হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট-কোর্ট প্রতিযোগিতার 'বাংলাদেশ জাতীয় রাউন্ড ২০২৩' এ রানার-আপ হয়েছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ।

মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয়টি জানায়, আন্তর্জাতিক রেড-ক্রস কমিটি ও ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ-

এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় আইইউবি'র নিজস্ব ক্যাম্পাসে। ৫ অক্টোবর থেকে ৭ অক্টোবর মোট তিন দিন ধরে চলে প্রতিযোগিতা। প্রতিযোগিতার ফাইনালে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির দলে অংশগ্রহণ করেন আরকেএম রবিন আহমেদ, তানজিলা ইসলাম, এবং সায়মা হক। তাদের সাথে কোচ হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সিনিয়র লেকচারার নাদিয়া রহমান।

প্রতিযোগিতার ফাইনালে বিচারক হিসেবে ছিলেন হাই কোর্ট বিভাগের বিচারপতি নাইমা হায়দার, বিচারপতি খিজির আহমেদ চৌধুরী এবং অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ সাজ্জাদ সিদ্দিক।

প্রতি বছর দুটি শীর্ষ দল হেনরি ডুনাষ্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতার আন্তর্জাতিক রাউন্ডে অংশগ্রহণের যোগ্যতা অর্জন করে।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন এই অর্জনের জন্য বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের দলকে অভিনন্দন জানিয়েছেন।



গুগল নিউজে বিডি নিউজ টোয়েন্টিফোর ডটকম কে ফলো করুন

হেনরি ডুনাষ্ট মেমোরিয়াল মুট-কোর্ট

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি